এইচ এস সি পরীক্ষা ২০১৬ এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (সৃজনশীল)

বিষয় কোড : ২ ৬ ৭

সময়: ২ ঘন্টা ১০ মিনিট পূর্ণমান: ৬০

দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।

১. ▶ আবীর ও কামাল দুই বন্ধু তর্কে লিপ্ত হলেও, একটি অঞ্চলের অধিবাসী নিয়ে তারা একমত পোষণ করে, যারা দ্বিধা বিভক্ত। আবীরের মতে, এ অঞ্চলের প্রাচীন অধিবাসীদের মধ্যে বিশেষ বিশেষ ক্ষেত্রে পার্থক্য বিরাজমান। কামাল বলে এরা দুইভাগে বিভক্ত হলেও সকল ক্ষেত্রেই এদের মধ্যে পার্থক্য বিরাজমান।

ক. আরবদেশের প্রধান প্রাণী কী? ১

খ. ঘোড়ার প্রতি আরবদের দুর্বলতার কারণ কী? ব্যাখ্যা কর। ২

গ. আবীর ও কামালের একমতের অধিবাসীরা পৃথিবীর কোন দেশের সাথে সমাঞ্জস্যপূর্ণ – ব্যাখ্যা কর। ৩

ঘ. আবীর ও কামালের বিতর্কের অধিবাসীদের মধ্যে পার্থক্য নিরূপণ কর। ৪

২. ▶ বাংলা একাডেমি প্রাঙ্গণে একুশে ফেব্রুয়ারি উপলক্ষে মাসব্যাপী বইমেলা অনুষ্ঠিত হয়। ঢাকা ছাড়াও দেশের বিভিন্ন অঞ্চল থেকে এ মেলায় ক্রেতা, বিক্রেতা, দর্শনার্থী, শিল্প, সাহিত্যিক ও গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত হয়। উন্মুক্ত মঞ্চে প্রতিদিন আবৃত্তি, সঙ্গীত, প্রকাশনা উৎসব ও আলোচনা অনুষ্ঠিত হয়। প্রতিবছর সাহিত্যকর্মের জন্য বাংলা একাডেমি পুরস্কারও এখান থেকে ঘোষণা করা হয়। পুরস্কার প্রাপ্তদের পদক, প্রত্যয়নপত্র ও নগদ অর্থ প্রদানের মাধ্যমে সম্মানিত করা হয়।

ক. প্রাক-ইসলামি আরবের একেশ্বরবাদী সম্প্রদায়ের নাম কী? ১

খ. জাজিরাতুল আরব বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বাংলা একাডেমি পুরস্কারের সাথে আরবের 'উকাজ মেলার' কোন পুরস্কারের তুলনা করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে কর উদ্দীপকের মেলাটির মতো 'উকাজ মেলা' ও সাহিত্য নির্ভর ছিল? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৩. ▶ ইমরান চৌধুরী একটি শুদ্ধাচারী দলের নেতা যিনি সবসময় কর্মীদের সৎপরামর্শ দিয়ে থাকেন। তিনি তার দল নিয়ে একটি দেশে গমন করার ইচ্ছে প্রকাশ করেন ভাল কিছু কাজ করার জন্য। সে দেশের অধিবাসীদের সাথে ইমরান চৌধুরী একটি চুক্তির ব্যবস্থা করেন, যে চুক্তি দ্বারা উভয় দলের উপকার সাধিত হবে।

ক. মদীনা সনদের শর্ত সংখ্যা কয়টি? ১

খ. মদীনা সনদে সবচেয়ে সুবিধাপ্রাপ্ত সম্প্রদায় কারা? ব্যাখ্যা কর। ২

গ. ইমরান চৌধুরীর চুক্তির সাথে তোমার পঠিত কোন সন্ধির সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকে উল্লিখিত চুক্তি ছিল একটি জাতির শ্রেষ্ঠ বিজয়' – তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৪. ▶ মহামতি সুলাইমান একজন শ্রেষ্ঠ সাম্রাজ্য বিস্তারকারী ছিলেন। তিনি সাম্রাজ্যের সম্প্রসারণ করে পূর্বে কৃষ্ণসাগর থেকে পশ্চিমে তিউনিসিয়া এবং উত্তরের ভিয়েনা হতে দক্ষিণে আরবসাগর পর্যন্ত বিস্তৃত করেন। তিনি স্বীয় সাম্রাজ্যে আইনের শাসন প্রতিষ্ঠা করেন। ন্যায় বিচার প্রতিষ্ঠা করাও তাঁর অপর উল্লেখযোগ্য পদক্ষেপ ছিল। দুর্নীতির অপরাধে তিনি তাঁর জামাতাকেও শাস্তি প্রদানে দ্বিধাবোধ করেননি। তিনি অপরাধীদের কঠোর শাস্তি দিতেন।

ক. বায়তুল মাল কী? ১

খ. হযরত ওমর (রাঃ) কর্তৃক প্রবর্তিত জাতীয়তাবাদ নীতি কী? ব্যাখ্যা কর। ২

গ. মহামতি সুলাইমানের সাম্রাজ্য বিস্তারকার্যে খুলাফায়ে রাশেদিনের কোন খলিফার প্রতিফলন লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ন্যায়বিচার সংশ্লিষ্ট বর্ণনাটি খুলাফায়ে রাশেদিনের উক্ত খলিফার গৃহীত ব্যবস্থার আলোকে উচ্চ-নীচ ভেদে মূল্যায়ন কর। ৪

৫. ▶ সিনোরপকো নিজ রাজ্যকে সুগঠিত করার মানসে একটি সুষ্ঠু শাসনব্যবস্থা প্রণয়ন করেন। সেই সাথে কেন্দ্র হতে প্রাদেশিক শাসনব্যবস্থা বিকেন্দ্রীকরণ করেন। তিনি গণতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যে রাজা নিয়োগের ক্ষেত্রে একটি নির্বাচকমণ্ডলী গঠন করেন।

ক. কার স্থলে মুয়াবিয়া পুত্র ইয়াজিদকে উত্তরাধিকারী মনোনীত করেন? ১

খ. সিরিয়ার গভর্নর হিসেবে মুয়াবিয়ার জনপ্রিয়তা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সিনোরপেকোর সাথে উমাইয়া বংশীয় কোন খলিফার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাজা নিয়োগের ক্ষেত্রে সিনোরপেকোর সাথে উক্ত খলিফার বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

৬. ▶ পূর্ববর্তী শাসকের মনোনয়ন অনুসারে আনোয়ার ইব্রাহিম রাষ্ট্রক্ষমতা লাভ করেন। শাসনক্ষমতা লাভের পর তিনি রাষ্ট্রে ইসলামি শাসনব্যবস্থা প্রবর্তন করেন। সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠাকল্পে একজন সাধক পুরুষ হিসেবে কতিপয় ব্যবস্থা গ্রহণ করেন। বিদ্রোহ দমন ও বিস্তার নীতি পরিত্যাগ করে তিনি শান্তিপূর্ণ নীতি গ্রহণ করেন, যার ফলে রাষ্ট্রের সকল সম্প্রদায়ের কথা বিবেচিত হয়।

ক. কাকে পঞ্চম ধার্মিক খলিফা বলা হয়? ১

খ. মাওয়ালী কারা? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত আনোয়ার ইব্রাহিমের শাসনব্যবস্থার সাথে তোমার পঠিত কোন উমাইয়া শাসকের শাসনব্যবস্থার সাদৃশ্য পরিলক্ষিত হয়? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শাসননীতি ছাড়াও তোমার পঠিত শাসক সুশাসনের জন্য যে সমস্ত নীতি প্রবর্তন করেছিলেন তা বিশ্লেষণ কর। ৪

৭. ▶ শিল্প বিপ্লবের বদৌলতে ইউরোপ এখন অর্থনৈতিকভাবে অনেক সমৃদ্ধ। প্রশস্ত সব রাস্তা এমনভাবে আলোকোজ্জ্বল থাকে, যে কেউ তা দেখলে সেখানকার অর্থনৈতিক সমৃদ্ধি উপলব্ধি করতে পারবে। শিক্ষা-দীক্ষায়ও আজ

http://teachingbd.com

তারা অনেক অগ্রগামী। অথচ এমন একটা সময় ছিল যখন তাদের সড়কে বাতি জ্বলতো না, ধর্মগ্রন্থ ছাড়া অন্য কোন গ্রন্থ পাঠ করত না, এমনকি তারা কোন গোসলখানাও তৈরি করেনি পরিচ্ছন্ন থাকার জন্য। আর এখন সেখানে হার্ভার্ড, ক্যামব্রিজের মতো বিশ্বখ্যাত বিশ্ববিদ্যালয়সমূহে শুধু সে দেশীয়রাই নয়, সারা বিশ্ব থেকে ধর্ম-বর্ণ নির্বিশেষে মেধাবী শিক্ষার্থী ও গবেষকরা এসে প্রাচ্যের জ্ঞান চর্চা করেন।

ক. স্পেনে স্বাধীন উমাইয়া আমিরাত প্রতিষ্ঠা করেন কে? ১

খ. স্পেনের তৃতীয় আব্দুর রহমানের খলিফা উপাধি গ্রহণের কারণ কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত ইউরোপের অর্থনৈতিক সমৃদ্ধির সাথে স্পেনের তৃতীয় আব্দুর রহমানের অর্থনৈতিক সমৃদ্ধির কোন সামঞ্জস্য আছে কী? ব্যাখ্যাসহ লেখ। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ইউরোপের বর্তমান শিক্ষাব্যবস্থা মুসলিম স্পেনের রাজধানী কর্ডোভার শিক্ষাব্যবস্থার তুলনামূলক মূল্যায়ন কর। ৪

৮. ▶ তিনি ছিলেন ইতিহাসের গৌরব, ইসলামের মুকুটমণি খলিফা। প্রজাবর্গের অবস্থা স্বয়ং অবগত হওয়ার জন্য তিনি ছদ্মবেশে নগরসমূহ ভ্রমণ করতেন। এ শাসক পাঁচ ওয়াক্ত ফরজ নামাজ ছাড়াও প্রতিরাতে একশত রাকাত নফল নামাজ আদায় করতেন। তার রাজসভায় ধর্মতত্ত্ব, দর্শন চিকিৎসাবিজ্ঞানের বহুল আলোচনা হতো। তার প্রেমিকাকে উদ্দেশ্য করে তিনি অনেক কবিতা রচনা করেছেন। তার সাম্রাজ্যের রাজধানী ছিল তৎকালীন বিশ্বের সর্বশ্রেষ্ঠ নগরী।

ক. আব্বাসি আন্দোলনকে কে বিপ্লবে পরিণত করেন? ১

খ. খলিফা আবুল আব্বাসকে আস-সাফফাহ বলা হয় কেন? ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকে তোমার পাঠ্যবইয়ের কোন শাসকের চারিত্রিক বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইতিহাস প্রসিদ্ধ শাসক হিসেবে উক্ত চারিত্রিক গুণাবলিই কী যথেষ্ট বলে তুমি মনে কর? – মতামত দাও। ৪

৯. ▶ সম্রাট 'ক' সুশাসনের জন্য বিকেন্দ্রীকরণ নীতির উপর জোর দেন। পুরো সাম্রাজ্যকে তিনি প্রদেশ, বিভাগ, জেলা ও উপজেলায় ভাগ করে কেন্দ্র থেকে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বদলীর মাধ্যমে এসব অফিসে প্রেরণ করেন। প্রশাসনের প্রতি এত যত্নশীল এ শাসক সাম্রাজ্য জয়ের পর নিজে বহুসময় পার করে বিজিত অঞ্চলে আগমন করেন। তিনি সেনাবাহিনীর সংখ্যা বৃদ্ধি করেন এবং সেনাবাহিনী ও নৌবাহিনীর বেতনও বৃদ্ধি করেন।

ক. কত খ্রিষ্টাব্দে ওবায়দুল্লাহ আল-মাহদী সিংহাসনে আরোহণ করেন? ১

খ. ফাতেমী বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সম্রাট 'ক'-এর কর্মকাণ্ডের সাথে তোমার পঠিত কোন ফাতেমী খলিফার কর্মকাণ্ডের সাদৃশ্য লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তোমার পঠিত উক্ত ফাতেমী শাসকের কর্মকাণ্ড বর্তমানকালে বাস্তবায়ন যোগ্য বলে তুমি মনে কর কী? বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কলমের কালো দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।

১. কোন সভ্যতার রাজাদের উপাধি ছিল ফারাও?
ক গ্রীক খ রোমান
গ মিশরীয় ঘ হিব্রু

২. হিব্রু কোন ভাষার নাম?
ক আরবি খ সেমেটিক
গ ফার্সি ঘ জার্মান

৩. কোন কবিকে আরবদের শেক্সপেয়ার বলা হয়?
ক ইমরুল কায়েস খ লবিদ বিন রবিয়া
গ আনতারা ঘ উম্মে কুলসুম

৪. মালার প্রধান কাজ ছিল—
i. ওকাস মেলা পরিচালনা করা
ii. মক্কার প্রশাসন তদারক করা
iii. মক্কার নিরাপত্তা বিধান করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. এক ঘণ্টাকে ষাট মিনিটে ভাগ করে কোন সভ্যতার লোকজন?
ক সুমেরীয় খ হিব্রু
গ গ্রীক ঘ ব্যাবিলনীয়

৬. মদিনা সনদ ব্যাপকভাবে কী নিশ্চিত করেছে?
ক ব্যক্তিশাসন খ আইনের শাসন
গ অর্থনৈতিক স্বাধীনতা ঘ ধর্মহীন সমাজ

অনুচ্ছেদটি পড়ো এবং ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও।
যুবক মুতালেব তার গ্রামের বিভিন্ন বংশের মধ্যে দ্বন্দ্ব হানাহানি দেখে ব্যথিত হয় এবং এটি দূর করার জন্য যুবকদের নিয়ে একটি সংঘ প্রতিষ্ঠা করেন। ফলে গ্রামে শান্তি বিরাজ করে।

৭. উদ্দীপকের সংঘের সাথে নিচের কোনটির মিল রয়েছে?
ক হরুবুল ফোজ্জার খ হিলফুল ফুজুল
গ হুদায়বিয়ার সন্ধি ঘ মদিনা সনদ

৮. উক্ত সংঘের ফলে—
i. বনিকরা নিরাপদে ব্যবসা বাণিজ্য করতে পারে
ii. বিজ্ঞানে উন্নতি লাভ করে
iii. সমাজে শান্তি বিরাজ করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৯. বদরের যুদ্ধের মাধ্যমে প্রমাণিত হয় যে, হযরত মুহাম্মদ ছিলেন—
i. দক্ষ সেনানায়ক
ii. বীরযোদ্ধা
iii. মহানুভব শাসক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. মহানবী (স.) ধাত্রী মাতা কোন বংশের ছিল?
ক কুরাইশ খ বনি সা'দ
গ আউস ঘ খাজরাজ

১১. মহানবী (স.) কত খ্রিঃ নবুয়ত লাভ করেন?
ক ৬১০ খ ৬১১
গ ৬১২ ঘ ৬১৩

১২. আল ফাই কী?
ক রাষ্ট্রীয় সম্পদ খ গনিমতের অংশে
গ সদকা ঘ ভূমিকর

১৩. বিদায় হজ্জের ভাষণে কোনটিকে হারাম ঘোষণা করা হয়েছে?
ক সুদ খ ঘুষ
গ মদ ঘ যিনা

১৪. দাঈ কাদেরকে বলা হয়?
ক ধর্ম প্রচারক খ নেতা
গ সেনাপতি ঘ দূত

১৫. খারেজীদের উৎপত্তি হয়—
ক মহানবী (স.) এর মৃত্যুর পর
খ দুমাতুল জান্দালের মীমাংসার পর
গ হযরত আলী (রা.) এর মৃত্যুর পর
ঘ উষ্ট্রের যুদ্ধের পর

১৬. ইসলামের ইতিহাসে ১ম গৃহ যুদ্ধ কোনটি?
ক সিফফিনের যুদ্ধ খ কারবালার যুদ্ধ
গ উষ্ট্রের যুদ্ধ ঘ নাহরাওয়ান্দের যুদ্ধ

অনুচ্ছেদটি পড়ো ১৭ এবং ১৮ নম্বর প্রশ্নের উত্তর দাও।
জনাব আতাউল গনি একজন জনপ্রিয় পৌর মেয়র। কারণ, তিনি সকলের পরামর্শ নিয়ে কাজ করতেন। তিনি বলতেন পরামর্শ করে কাজ করলে ভুল হওয়ার সম্ভাবনা কম থাকে।

১৭. আতাউল গনি হযরত ওমর (রা.) এর কোন প্রতিষ্ঠানটির অনুসরণ করার চেষ্টা করেছেন?
ক দিউয়ানুল খারাজ খ দিউয়ানুল শুরতা
গ বায়তুল মাল ঘ মজলিশ-ই-শূরা

১৮. পরামর্শ করে কাজ করার মাধ্যমে একজন শাসকের যে বৈশিষ্ট্য সমূহ ফুটে ওঠে?
i. গণতান্ত্রিক মনোভাব
ii. উদারতা
iii. ধর্মীয় আদর্শ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd.com

১৯. কে প্রথম ভন্ডনবী দাবী করে?
ক আসওয়াদ আনাসি খ তোলায়হা
গ সাজাহ ঘ মুসায়লামা

২০. হযরত ওসমান (রা.) এর বিরুদ্ধে কী অভিযোগ আনা হয়?
ক অযোগ্যতার খ স্বার্থপরতা
গ খারাপ কাজের ঘ স্বজনপ্রীতির

২১. সেতুর যুদ্ধে মুসলিম বাহিনী পরাজিত হয় কেন?
ক সেনাপতির আকস্মিক মৃত্যুর জন্য
খ মুসলিম সৈন্যদের নির্লিপ্ততার জন্য
গ পারসিক হস্তী বাহিনীর আক্রমনের জন্য
ঘ সেনাপতির দুর্বলতার জন্য

২২. মুয়াবিয়া খিলাফতে অধিষ্ঠিত হয়ে প্রবর্তন করেন—
i. রাজতন্ত্র
ii. সমাজতন্ত্র iii. একনায়কতন্ত্র
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. কারবালা কোথায় অবস্থিত?
ক সিরিয়া খ ইরাক
গ মিশর ঘ তুরস্ক

২৪. রাজেন্দ্র কার উপাধি?
ক মুয়াবিয়া খ আব্দুল মালিক
গ ওয়ালিদ ঘ হিশাম

২৫. উমাইয়া খিলাফতের রাজধানী কোথায় ছিল?
ক কুফা খ মক্কা
গ মদিনা ঘ দামেস্ক

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৬ ও ২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও।

৬৮০ খ্রি.	১০ মহররম	ইয়াজিদ	ইমাম হোসাইন

২৬. উদ্দীপকটি কোন ঘটনার দিকে ইঙ্গিত দিচ্ছে?
ক সিফফিনের যুদ্ধ খ উষ্ট্রের যুদ্ধ
গ কারবালার যুদ্ধ ঘ স্পেন বিজয়

২৭. ইমাম হোসাইনের মস্তক কে ছিন্ন করে?
ক জিয়াদ খ সীমার
গ ইয়াজিদ ঘ ওবায়দুল্লাহ

২৮. কার নেতৃত্বে স্পেন বিজিত হয়?
ক তারিক বিন যিয়াদ খ মুহাম্মদ বিন কাশিম
গ মুসা বিন নুসায়ের ঘ হাজ্জাজ বিন ইউসুফ

২৯. দারুল হিকমা কী?
ক শিক্ষাভবন খ বিজ্ঞান ভবন
গ প্রশাসনিক ভবন ঘ খলিফার ভবন

৩০. কোন নগরীর নাম দারুস সালাম রাখা হয়?
ক কুফা খ বাগদাদ
গ মক্কা ঘ মদিনা

৩১. খলিফা মনসুরের কোন গুণটি অধিক বিকশিত হয়েছিল?
ক রাজ্য জয় খ সাম্রাজ্য বিশৃঙ্খলা
গ রাজ্য শাসন ঘ নতুন রাজ্য শাসন

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৩২ ও ৩৩ নম্বর প্রশ্নের উত্তর দাও।

আব্বাসীয় একজন খলিফা ছিলেন। যিনি সহস্র রজনীর রূপ কথার নায়ক। এমনকি তিনি বৈদেশিক নীতিতে খুবই সফল ছিলেন।

৩২. উদ্দীপকে কোন খলিফার কথা বলা হয়েছে?
ক আল মনসুর খ আল মামুন
গ হারুন অর রশীদ ঘ আল আমীন

৩৩. উক্ত খলিফার সাথে ভাল সম্পর্ক ছিল—
i. ফাগফুরের
ii. শার্লি মেনের iii. আইরিনের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৪. আব্বাসী বংশের সর্বশেষ শাসক কে?
ক আল মুতালিব খ আল মুতাসিম
গ মুতাওয়াক্কিল ঘ আল ওয়াসিক

৩৫. বুয়াহিদ বংশের প্রতিষ্ঠাতা কে?
ক ইউজুদ্দৌলাহ খ আজদুদ্দৌলাহ
গ শরফুদ্দৌলাহ ঘ মুইজ উদ দৌলাহ

৩৬. ক্রুসেডকে কয়টি পর্যায়ে ভাগ করা হয়?
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি

৩৭. স্পেন ছিল—
i. জ্ঞান বিজ্ঞানে উন্নত
ii. ইউরোপের বাতিঘর iii. কৃষিকাজে উন্নত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৮. স্পেনের কোন নগরী উন্নত ছিল?
ক গ্রানাডা খ টলেডো
গ কর্ডোভা ঘ বাগদাদ

৩৯. কত সালে ফাতেমীয় খিলাফত প্রতিষ্ঠিত হয়?
ক ৯০৮ খ ৯০৯
গ ৯১০ ঘ ৯১১

৪০. মিশরের ফাতেমী খিলাফতের শ্রেষ্ঠ শাসক কে ছিল?
ক আল আজীজ খ আল কাইম
গ আল মনসুর ঘ আল মুইজ

১	গ	২	খ	৩	ক	৪	খ	৫	ক	৬	খ	৭	খ	৮	খ	৯	ঘ	১০	খ	১১	ক	১২	ক	১৩	ক	১৪	ক	১৫	খ	১৬	গ	১৭	খ	১৮	খ	১৯	ক	২০	খ
২১	গ	২২	খ	২৩	খ	২৪	খ	২৫	ক	২৬	গ	২৭	খ	২৮	ক	২৯	খ	৩০	খ	৩১	গ	৩২	গ	৩৩	খ	৩৪	খ	৩৫	খ	৩৬	ক	৩৭	ক	৩৮	গ	৩৯	খ	৪০	ক

http://teachingbd.com